দৈনিক ইত্তেফাক

২১/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৪ কলাম ৬......

# উচ্চ মাধ্যমিক শ্রেণীর ইংরেজি বই ভুলে ভরপুর

এনসিটিবি কর্তৃক প্রণীত ENGLISH FOR TODAY নামক বইটির প্রথম সংস্করণ হইয়াছে চলতি বৎসরের জুলাই মাসে এবং বর্তমান শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণীর জন্য পাঠ্য। কিন্তু পরিতাপের বিষয় এই যে, বইটি ভুলে ভরপুর। কিঞ্চিত ভুল-ভ্রান্তি, অসঙ্গতি নিম্নে উপস্থাপন করা হইলঃ

১। ১৬৮ নম্বর পৃষ্ঠায় C নম্বর প্রশ্নঃ "From your reading of this passage what do you think are the rights of the elderly?" এইখানে একই বাক্যে দুইটি প্রশ্নবোধক অংশ আদৌ গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, ২ ও ১১৩ নম্বর পৃষ্ঠায় অনুরূপ ভুল রহিয়াছে।

২। ৯ নম্বর পৃষ্ঠায় A নম্বর প্রশ্নে একটি বাক্যঃ "What kind of a person do you think he is?" এখানে article-এর ব্যবহার ত্রুটিপূর্ণ। উল্লেখ্য, উক্ত পৃষ্ঠায় C নম্বর প্রশ্নের প্রশ্নেও অনুরূপ ভুল লক্ষণীয়।

৩। ৬৯ নম্বর পৃষ্ঠায় Jerry গল্পে একটি বাক্য ভুলভাবে লেখা হইয়াছে "The fault was in the handle". কিন্তু ঠিক এইভাবে মূল লেখকের মূল গল্পে বাক্যটি দেওয়া আছেঃ "The fault was in the wood of the handle" (Higher Secondary English for The Young বইয়ের ২৭ নম্বর পৃষ্ঠা দৃষ্টব্য)।

৪। ২৭ নম্বর পৃষ্ঠায় D নম্বর গল্পে একটি বাক্য পাওয়া যায়ঃ "He had met Mr Stone by the river.... এইখানে pre past-এর ক্ষেত্রে মারাত্মক ত্রুটি রহিয়াছে।

৫। ৫৩ নম্বর পৃষ্ঠায় একটি বাক্য দেওয়া হইয়াছেঃ "A Bonsai tree may be ten years old but have a height of one foot only."উক্ত বাক্যে have-এর ব্যবহার হাস্যকর।

উল্লিখিত ভুলগুলির প্রতি সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ শাহ্জাহান মিয়া
সহকারী অধ্যাপক
চরফ্যাশন কলেজ, ভোলা